

শব্দ-গঠন করে, তা দেখানো হচ্ছে :

- প্র : [আধিক্য] প্রচণ্ড, প্রকোপ, প্রলয়, প্রখর, প্রগল্ভ, প্রলাপ, প্রতাপ।
[উৎকর্ষে] প্রখ্যাত, প্রভাব, প্রগতি, প্রচলন, প্রফুল্ল, প্রবাহ, প্রকৃষ্ট, প্রগতি, প্রগাঢ়, প্রজ্বলিত।
[আরম্ভে] প্রদোষ, প্রজনন, প্রবেশিকা, প্রভাব।
- পরা : [আধিক্য] পরাকাষ্ঠা, পরাক্রম।
[প্রতিকূল অবস্থায়] পরাজয়, পরাজিত, পরাধীন, পরাভব, পরাভূত, পরাহত।
- অপ : [খারাপ অর্থে] অপকর্ম, অপদেবতা, অপভাষা, অপমৃত্যু, অপবাদ, অপপ্রয়োগ, অপব্যবহার, অপব্যয়, অপচয়।
[বিপরীত অর্থে] অপযশ, অপমান, অপকার।
[স্থানান্তরিত বা দূরীকৃত অর্থে] অপসরণ, অপহরণ, অপনয়ন, অপসৃত, অপহৃত, অপনীত।
- সম : [সঙ্গে, একত্র বা সংযোগ অর্থে] সমকাল, সমকালীন, সমাবর্তন, সমবেত, সংকলন, সংবাদ, সন্ধান, সম্পর্ক, সম্বন্ধ, সন্দর্ভ, সন্দর্শন, সন্তুতি।
[সম্যক অর্থে] সংস্কার, সংকীর্তন, সমাকীর্ণ, সঙ্কুচিত, সংক্ষেপ, সংগীত, সংঘর্ষ, সম্মালন, সম্ভয়, সম্ভরণ, সম্ভোষ, সমাবৃত, সমাচ্ছন্ন, সমাদৃত, সংগ্রহ, সমুচিত, সম্প্রদান।
- নি : [খারাপ অর্থে] নিকৃষ্ট, নিগ্রহ, নিবীৰ্য।

- [বিরতি অর্থে] নিবারণ, নিবৃত্ত।
 [আধিক্য অর্থে] নিলাক্ণ, নিলান।
 [সম্যক্ অর্থে] নিবৃত্ত, নিবিষ্ট, নিয়োগ, নিক্ষেপ, নিপাতন।
 [মধ্যে] নিমজ্জন, নিমগ্ন, নিবাস।
- > অব : [খারাপ অর্থে] অবনত, অবজ্ঞা।
 [নিম্ন অর্থে] অবতরণ, অবরোধ।
 [ভিতরে] অবগাহন।
 [অল্প অর্থে] অবগুষ্ঠন।
 [বিয়োগ] অবসর, অবকাশ।
 [নিশ্চয় অর্থে] অবগতি, অবদান।
- > অনু : [পশ্চৎ অর্থে] অনুচর, অনুজ, অনুতাপ, অনুশোচনা, অনুধাবন, অনুগমন, অনুবর্তন।
 [সাদৃশ্যে] অনুকরণ, অনুরাগ, অনুবাদ, অনুলিপি, অনুকৃতি, অনুবৃপ।
 [নিকট অর্থে] অনুকম্পা।
 [বীজ্যায়] অনুদিন, অনুক্ষণ।
 [সম্যক্ অর্থে] আবেষণ, অনুভব।
 [সম্মতিতে] অনুজ্ঞা।
 [মধ্যে] অনুবিন্দ, অনুপ্রবেশ।
- > নির্ : [নেই অর্থে বা অভাবে] নির্দয়, নির্ভয়, নির্লোভ, নির্জন, নির্বন, নিরামিষ, নিরপরাধ, নিরভিমান, নির্নিপু, নির্বিষ, নিঃসংশয়, নিঃসঙ্কেচ, নিঃসহায়, নিঃসম্বল, নিঃসন্দেহে, নিঃসন্দ, নিঃস্পৃহ।
 [সম্যক্ অর্থে] নিরীক্ষা, নিরীক্ষণ।
 [বাহির অর্থে] নির্গমন, নিঃসরণ, নির্যাস, নিশ্বাস।
- > দূর : [খারাপ অর্থে] দুর্ভাগ্য, দুর্গতি, দুর্দৃষ্ট, দুর্ভাগ, দুঃশীল, দুঃশাসন, দুঃবাসনা, দুঃসময়, দুঃস্থল, দুঃপাচ্য, দুর্গন্ধ।
 [অভাবে] দুর্ভিক্ষ, দুর্বল, দুঃসাধ্য, দুর্ভিতক্রম্য।
 [আধিক্য] দুর্ন্য।
- > বি : [বিশেষ অর্থে] বিখ্যাত, বিকশিত, বিকীর্ণ, বিক্রম, বিস্ফোভ, বিক্রোহ, বিবর্তন, বিবর্ধন।
 [বিপরীত অর্থে] বিকার, বিকৃত, বিকট, বিক্রম, বিসর্জন, বিবাহ, বিপক্ষ।
 [অভাবে] বিনিত্র, বিতৃষ্ণা, বিধবা, বিন্মরণ, বিরম্ব, বিয়োগ।
- > অধি : [আধিক্য] অধিকাংশ।
 [আধিপত্য] অধিকার, অধিকরণ, অধিকারী, অধিকৃত, অধিরাজ, অধিনায়ক।
 [উপরে] অধিরোধন, অধিতাকা।
 [মধ্যে] অধিগত, অধিবাসী।

- > সু : |ভালো, সুন্দর, উৎকৃষ্ট প্রভৃতি অর্থে| সুকুমার, সুকোমল, সুদর্শন, সুনীতি, সুচারু, সুবেশ, সুকেশ, সুজন, সুচরিত, সুকণ্ঠ, সুকৃতি।
|আধিক্যে| সুদক্ষ, সুনিপুণ, সুনির্মল, সুকঠিন, সুকৌশল।
|অনায়াসে| সুগম, সুবহু, সুলভ।
- > উৎ : |আধিক্যে বা প্রাবল্যে| উৎকর্ষ, উৎকৃষ্ট, উদ্বেল, উত্তম, উচ্ছ্বাস, উজ্জ্বল, উত্তপ্ত, উৎপীড়ন।
|স্থানচ্যুতি অর্থে| উত্থান, উত্তোলন, উৎক্ষিপ্ত, উদ্ভাস্ত, উৎপাটন।
|বাহিরে| উৎপত্তি, উৎখাত, উদ্ভিদ, উদ্ভার, উদয়, উদ্বোধন, উৎকর্ষ।
- > পরি : |বিশেষ অর্থে| পরিপূর্ণ, পরিপুষ্ট, পরিত্যক্ত, পরিশ্রান্ত, পরিতাপ, পরিশ্রম, পরিদর্শন, পরিচালক, পরিকল্পনা, পরিচর, পরিগ্রহ।
|বিরোধে| পরিবাদ, পরিপন্থী।
|চতুর্দিকে| পরিভ্রমণ, পরিবৃত, পরিদৃশ্যমান।
- > প্রতি : |বিপরীত বা বিরোধ অর্থে| প্রতিকূল, প্রতিদ্বন্দ্বী, প্রতিক্রিয়া, প্রতিবিধান, প্রত্যাগমন, প্রত্যুত্তর, প্রত্যাদেশ, প্রতিনায়ক।
|সাদৃশ্যে| প্রতিনিধি, প্রতিধ্বনি, প্রতিশব্দ, প্রতিবন্দ।
|সামীপ্যে| প্রতিবেশী, প্রতিবাসী, প্রতিহারী।
|প্রকর্ষে| প্রতিজ্ঞা, প্রতিবন্দক, প্রতিপত্তি, প্রতিপালন, প্রতিকার।
|বীক্ষায়| প্রতিদিন, প্রতিক্ষণ, প্রত্যহ।
- > অতি : |আধিক্যে বা আতিশয্যে| অতিকায়, অতিমানব, অতিভক্তি, অতিভোজন, অতিগর্ব, অতিদর্প, অতিবৃষ্টি, অত্যাচার।
|বাহিরে| অতিক্রম।
- > অপি : |ভিতরে, উপরে, নিশ্চয় প্রভৃতি অর্থে| অপিনিহিতি, অপিধান, অপিচ।
- > অভি : |প্রকর্ষে| অভিজাত, অভ্যুদয়, অভ্যুত্থান, অভ্যাগত, অভিনয়, অভিনেতা, অভিনব, অভিভাষণ, অভিবাদন, অভিঞ্জান, অভিনিবেশ, অভিলাষ, অভিশাপ।
|বিরোধে| অভিধান, অভিযোগ।
- > উপ : |সন্নিহিতে, দিকে বা প্রতি| উপকণ্ঠ, উপকূল, উপকরণ, উপচার, উপহার, উপস্থিত, উপবেশন, উপকার।
|সাদৃশ্যে বা হীনতায়| উপকথা, উপবন, উপদ্বীপ, উপদেবতা, উপপতি, উপমন্ত্রী, উপাচার্য।
- > আ : |ব্যাপ্তি অর্থে| আশৈশব, আসমুদ্র, আকণ্ঠ, আজন্ম, আমরণ।
|বিপরীত অর্থে| আদান, আগমন, আরম্ভ, আরম্ভ।
|ঈষৎ অর্থে| অভ্যাস, আকৃষ্টন, আনত, আরম্ভ।
|সম্যক অর্থে| আকাঙ্ক্ষা, আকর্ষণ, আকৃষ্ট, আকীর্ণ।

এই কুড়িটি উপসর্গের মধ্যে 'অতি' ও 'প্রতি' এই দুটি উপসর্গ আলাদাভাবেও বসতে পারে। সেক্ষেত্রে অবশ্য এরা 'অব্যয়' রূপেই পরিগণিত হয়।